কানাইঘাট দীঘীরপার পূর্ব ইউনিয়নে ৩ সন্তানের জননীর আত্মহত্যা

কানাইঘাট প্রতিনিধি :

কানাইঘাট দীঘীরপার পূর্ব ইউনিয়নের দর্পনগর পশ্চিম নালুহারা গ্রামের ৩ সন্তানের এক জননী গলায় ফাস লাগিয়ে আত্মহত্যা করেছেন।

লাশ উদ্ধারকারী কানাইঘাট থানার এস আই মজিবুর রহমান জানিয়েছেন , দর্পনগর পশ্চিম গ্রামের সুহেল আহমদ এর স্ত্রী গোলসানারা বেগম (২৮) শুক্রবার দুপুর দেড় টার দিকে স্বামীর বসত ঘরের একটি কক্ষের তীরের সাথে গলায় রশি পেচিয়ে আত্মহত্যা করেন।

তার লাশ উদ্ধার করে সিলেট মর্গে প্রেরণের প্রস্তুতি চলছে বলে তিনি জানান।

স্থানীয় সূত্রে জানা যায় , আত্মহননকারীর স্বামী সুহেল আহমদ এ সময় মসজিদে জুম্মার নামাজে ছিলেন। এই সুযোগে একা বাড়ীতে গলায় ফাস লাগিয়ে আত্মহত্যা করে গোলসানারা বেগম।

এ ঘটনায় আত্মহননকারী গোলসানারা বেগম এর পিতা -ফয়জুল হক থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করেছেন। তবে কি কারনে গোলাসানারা বেগম আত্মহত্যা করেছেন তার কারণ জানা যায়নি।